CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

# CIS-BCCI Press Release

## Deputy Foreign Minister of Uzbekistan meets CIS-BCCI President and Board of Directors

Mr. Bakhromjon A'loyev, Deputy Foreign Minister of Uzbekistan along with his official delegation had a meeting with Mr. Md. Habib Ullah Dawn, President of CIS-BCCI and his Board of Directors on 19 May, 2023 at a City Hotel, Dhaka.

They discussed matters of mutual interest and ways & means of enhancing bilateral trade and economic cooperation between Uzbekistan and Bangladesh especially in the private sector. Uzbek delegates expressed their keenness to have more trade from Bangladesh and shown interest in joint ventures as well as more business interaction facilities in both the countries.

Members of CIS-BCCI related to Textiles, Pharmaceuticals, Agro-processed products present at the meeting spoke highly on the potentials of these markets in Uzbekistan and urged upon the Uzbek Government to extend more facilities for joint venture initiative.

CIS-BCCI President Mr. Md. Habib Ullah Dawn informed that CIS-BCCI is the only Chamber in the country that works exclusively for promotion of bilateral trade between Bangladesh and CIS countries and attaches more importance for increasing cooperation and trade facilitation between Bangladesh and Uzbekistan, especially in the sector of Tourism, Pharmaceuticals, Jute Goods, Hospitality Services and Agro-processed products.

CIS-BCCI Chamber also stressed on connectivity for passenger as well as cargo by air. CIS-BCCI President requested the Uzbek delegation leader for considering establishment of Uzbek mission at Dhaka for smooth and easy visa facilities for the business people and Tourists.

Appreciating CIS-BCCI Chamber's role, the Uzbek Deputy Foreign Minister assured of all out cooperation and assistance for business facilitation and more business interaction between the two countries. He also assured that he will make attempt so that Uzbek Chamber of Commerce can sign an MoU with CIS-BCCI for regular business interaction though zoom meeting, holding of trade Fair in both the countries and exchange of business delegation under a joint initiative.

Besides the Deputy foreign Minister, four high officials of Ministry of Foreign Affairs of Uzbekistan and Honorary Consul of Uzbekistan in Bangladesh also attend the meeting. CIS-BCCI Senior Vice President Mr. Mohammad Ali Deen, Vice President Mr. Jadab Debnath, Adviser Mr. Mahbub Islam Runu and Directors of the Board were also present.

**Mustafa Mohiuddin**
Secretary, CIS-BCCI

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
**Corporate Address:** Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

## সিআইএস–বিসিসিআই–এর প্রেস বিজ্ঞপ্তি

### উজবেকিস্তানের উপ-পররাষ্ট্রমন্ত্রীর সাথে সিআইএস-বিসিসিআই সভাপতি এবং পরিচালনা পর্ষদের সাক্ষাত

বাংলাদেশে সফররত উজবেকিস্তানের উপ-পররাষ্ট্র মন্ত্রী জনাব বাখরোমজন আ'লোয়েভ ও তার সরকারী প্রতিনিধিদল ১৯ মে, ২০২৩ তারিখে সিআইএস-বিসিসিআই-এর সভাপতি জনাব মোঃ হাবিব উল্লাহ ডন এবং তার পরিচালনা পর্ষদের সাথে ঢাকায় একটি হোটেলে বৈঠক করেন।

তারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় এবং উজবেকিস্তান ও বাংলাদেশের মধ্যে বিশেষ করে বেসরকারি খাতে দ্বিপাক্ষিক বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা বাড়ানোর উপায় নিয়ে আলোচনা করেন। উজবেক প্রতিনিধিগণ বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে বাণিজ্য বৃদ্ধি এবং যৌথ উদ্যোগের পাশাপাশি উভয় দেশের মধ্যে ব্যবসায়িক সুবিধা বৃদ্ধির আগ্রহ প্রকাশ করেন।

সভায় উপস্থিত সিআইএস-বিসিসিআই-এর সদস্যগণ টেক্সটাইল, ফার্মাসিউটিক্যালস, কৃষি-প্রক্রিয়াজাত পণ্য সম্পর্কিত উজবেকিস্তানের বাজারগুলির সম্ভাবনা তুলে ধরে যৌথ উদ্যোগে আরও সুবিধা বাড়ানোর বিষয়ে উজবেক সরকারের প্রতি আহ্বান জানান।

সিআইএস-বিসিসিআই সভাপতি জনাব মোঃ হাবিব উল্লাহ ডন জানান যে, সিআইএস-বিসিসিআই দেশের একমাত্র চেম্বার যা বাংলাদেশ এবং সিআইএস দেশগুলির মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের প্রসারের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে বিশেষ করে পর্যটন, ঔষধশিল্প, পাটজাতপণ্য, আতিথেয়তা পরিষেবা এবং কৃষি-প্রক্রিয়াজাত পণ্যের ক্ষেত্রে পারস্পারিক সহযোগিতা বৃদ্ধি এবং বাণিজ্য সুবিধার প্রতি গুরত্ব আরোপ করেন।

সিআইএস-বিসিসিআই চেম্বার সভাপতি আকাশপথে যাত্রীর পাশাপাশি পণ্যবাহী যোগাযোগের উপরও জোর দেন। তিনি ব্যবসায়ী ও পর্যটকদের সহজে ভিসা প্রাপ্তির সুবিধার লক্ষ্যে ঢাকায় উজবেক মিশন প্রতিষ্ঠার বিষয়টি বিবেচনা করার জন্য উজবেক প্রতিনিধি দলের নেতাকে অনুরোধ করেন।

সিআইএস-বিসিসিআই চেম্বারের ভূমিকার প্রশংসা করে, উজবেক উপ পররাষ্ট্র মন্ত্রী ব্যবসায়িক সুবিধা বৃদ্ধি এবং দুই দেশের মধ্যে আরও ব্যবসায়িক সুযোগ–সুবিধার ক্ষেত্রে সর্বাত্মক সহযোগিতা ও সহায়তার আশ্বাস দেন। তিনি আশ্বস্ত করেন যে, তিনি চেষ্টা করবেন যাতে উজবেক চেম্বার অফ কমার্স নিয়মিত ব্যবসায়িক যোগাযোগের জন্য সিআইএস-বিসিসিআইয়ের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করতে পারে। এতে চেম্বারগুলোর উদ্যোগে দুদেশের ব্যবসায়ীদের মধ্যে অনলাইন সভা, বাণিজ্য মেলা, পণ্য বিপণন ও প্রদর্শনী আয়োজন এবং নিয়মিত ব্যবসায়ী প্রতিনিধিদলের আদান–প্রদান সহজতর হবে।

উপ-পররাষ্ট্রমন্ত্রী ছাড়াও উজবেকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের চার জন উচ্চপদস্থ কর্মকর্তা এবং বাংলাদেশে নিযুক্ত উজবেক অনারারি কনসূল বৈঠকে যোগ দেন। সিআইএস-বিসিসিআই সিনিয়র সহ-সভাপতি জনাব মোহাম্মদ আলী দ্বীন, সহ-সভাপতি জনাব যাদব দেবনাথ, উপদেষ্টা জনাব মাহবুব ইসলাম রুনু এবং বোর্ডের পরিচালকগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

**মুস্তাফা মহিউদ্দীন**
সচিব, সিআইএস-বিসিসিআই